যুগান্তর

তারিখ SEP 04 2006
পৃষ্ঠা ১২ কলাম ৭

# রাজশাহী বোর্ডে ২২টি কলেজ থেকে একজনও পাস করেনি

রাজশাহী ব্যুরো

রাজশাহী শিক্ষা বোর্ডে এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে ২২টি শিক্ষা প্রতিষ্ঠানের একজন শিক্ষার্থীও কৃতকার্য হতে পারেনি। এমনকি ৭টি কলেজ থেকে মাত্র একজন করে পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েও সবাই হয়েছে অকৃতকার্য। এ কলেজগুলো হল রাজশাহীর তানোর উপজেলার মোহাম্মদপুর মুক্তিযোদ্ধা মেমোরিয়াল কলেজ, জয়পুরহাটের ক্ষেতলা উপজেলার বোতল কলেজ, গাইবান্ধা সুন্দরগঞ্জ উপজেলার শোভাগঞ্জ উইমেন্স মডে কলেজ ও একই উপজেলার বামুনডাঙ্গা এমএ আলহাজ হুসেইন মুহম্মদ এরশাদ স্কুল এ কলেজ, জয়পুরহাটের কালাই উপজেলা মোলামগাড়ি আদর্শ কলেজ, দিনাজপুরে বীরগঞ্জ উপজেলার বীরগঞ্জ টিবিএম কলেজ গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলার বুড়াবুড়ি আজিতুল্লাহ হাইস্কুল এন্ড কলেজ। আর অন্যান্য কলেজের মধ্যে শুধু পঞ্চগড়ের দেবীগঞ্জ উপজেলার পঞ্চগড় বাগদা হাইস্কুল এন্ড কলেজ থেকে ৩০ জন পরীক্ষার্থী, কুড়িগ্রামের উলিপুর উপজেলার কুড়িগ্রাম বজরা কলেজ থেকে ১২ জন, রাজশাহীর গোদাগাড়ী উপজেলার পালপুর ধরমপুর কলেজ থেকে ১২ জন পরীক্ষায় অংশ নিয়ে সবাই অকৃতকার্য হয়েছে। এছাড়া বাকি কলেজগুলো থেকে ২ জন থেকে ৬ জন করে অংশ নেয়। কিন্তু একজনও কৃতকার্য হতে পারেনি। এ কলেজগুলো হল রাজশাহীর তানোর উপজেলার চন্দনকোঠা হাইস্কুল এন্ড কলেজ, নওগাঁর পোরশা উপজেলার গাঙ্গুরিয়া শহীদ স্মৃতি মহিলা কলেজ, বগুড়ার দুপচাচিয়া উপজেলার বেড়া নিলাহালি বেড়াগ্রাম কলেজ, রংপুরের পীরগাছা উপজেলার তাম্বুলপুর কলেজ, একই উপজেলার মহিয়সী বেগম রোকেয়া কলেজ, গাইবান্ধার সাদুল্লাপুর হিঙ্গারপাড়া গার্লস হাইস্কুল এন্ড কলেজ, একই জেলার গোবিন্দগঞ্জ উপজেলার শাহ হারাগাছি মডেল বিএম গার্লস হাইস্কুল এন্ড উইমেন্স কলেজ, একই উপজেলার হযরত ফাতেমা (র.) পৌর গার্লস স্কুল এন্ড কলেজ, একই জেলার বোচাগঞ্জ উপজেলার হাজী দানেশ কলেজ, ঠাকুরগাঁও রানীশংকৈল উপজেলার গোগর উইমেন্স আদর্শ কলেজ, একই জেলার হরিপুর উপজেলার তেনুগাঁড়িয়া